গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লাইন ডাইরেক্টরের কার্যালয়
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি)
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা-১২১২।
ই-মেইল: cbhc@ld.dghs.gov.bd
ওয়েবসাইট: www.communityclinic.gov.bd

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- কমিঃ ক্লিঃ স্বাঃ সহাঃ ট্রাস্ট/সিবিএইচসি/জনবল/নিয়োগ-৭৫ (গ্রেড ১১-২০)/২০২১/**২২৪** তারিখঃ ০৫/০৪/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৪র্থ এইচপিএনএসপি অন্তর্ভুক্ত কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি) কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্লানের আওতায় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, বাজেট শাখা-৪ এর স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.১৬.২০১৭-২৪১, তারিখ: ১০.১২.২০২০ খ্রিস্টাব্দ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখার স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৬.১১.০১২.২১-৩৮০, তারিখঃ ০৮.১১.২০২১ খ্রিস্টাব্দ মোতাবেক সাকুল্যে বেতন (কনসোলিডেটেড-পে) ভিত্তিক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্লানের মেয়াদকালীন সময় পর্যন্ত নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের জন্য উল্লেখিত সুবিধা ও শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। উক্ত পদের বিপরীতে আবেদনের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ নিম্নে উল্লেখ করা হলঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম : সাকুল্যে (কনসোলিডেটেড-পে) বেতন | বয়স | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর | ০২ | বেতন গ্রেড- ১৪ | ১৮-৩০ বছর | সরাসরি | শিক্ষাগত যোগ্যতা: স্নাতক পাশ। অভিজ্ঞতা: কম্পিউটার পরিচালনায় এমএস অফিস প্রোগ্রামসহ ডাটা এন্ট্রি অপারেটর এবং ইন্টারনেটে কাজ করার ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ০২ | কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) | ৭৯৭ টি কম-বেশি | বেতন গ্রেড- ১৪ | ১৮-৩০ বছর | সরাসরি | শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞতা: কম্পিউটার পরিচালনায় দক্ষতা সম্পন্ন (এম এস অফিস ও ইন্টারনেট)। |
| ০৩ | স্টোর কীপার | ০১ | বেতন গ্রেড- ১৬ | ১৮-৩০ বছর | সরাসরি | শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞতা: কম্পিউটার পরিচালনায় এমএস অফিস প্রোগ্রামসহ ডাটা এন্ট্রি অপারেটর এবং ইন্টারনেটে কাজ করার অভিজ্ঞতা। |
| ০৪ | গাড়ী চালক | ০৫ | বেতন গ্রেড- ১৬ | ১৮-৩০ বছর | সরাসরি | শিক্ষাগত যোগ্যতা: অষ্টম শ্রেনী পাশ। অভিজ্ঞতা: বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী ও ভারী যানবাহন চালনায় কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা। |
| ০৫ | অফিস সহায়ক (এমএলএসএস) | ০৩ | বেতন গ্রেড- ২০ | ১৮-৩০ বছর | সরাসরি | শিক্ষাগত যোগ্যতা: অষ্টম শ্রেনী পাশ। অভিজ্ঞতা: দক্ষ ও সু-স্বাস্থ্য অধিকারী হতে হবে। |

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। ক্রমিক নং- ০১, ০৩, ০৪ ও ০৫ এর ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক হিসেবে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন এবং ক্রমিক নং- ০২ এর ক্ষেত্রে শূন্য পদের বিপরীতে ইউনিয়নস্থ সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড অথবা একই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সিটি কর্পোরেশন অথবা পৌর এলাকার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন না। সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড ও মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। শূন্য পদের তালিকা কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর ওয়েব সাইট www.communityclinic.gov.bd এবং জেলা সিভিল সার্জন অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

২. প্রার্থীর বয়স ১০.০৪.২০২২ খ্রিঃ অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের (নাতী-নাতনী) ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৪. পরীক্ষার সময়, তারিখ ও স্থান পরবর্তীতে অন-লাইনে সংগৃহীত প্রবেশপত্র ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

৫. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://cbhc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online –এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০/০৪/২০২২ খ্রিঃ সকাল- ১০.০০ টা।

(ii) Online –এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৯/০৫/২০২২ খ্রিঃ বিকাল- ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online –এ আবেদনপত্র Submit–এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online–এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online–এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online–এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online –এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষার সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online –এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি ও টেলিটক সার্ভিস চার্জ বাবদ সর্বমোট ৫০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online –এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online –এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: CBHC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বর।

Example: CBHC ABCDEF

Reply: Applicant's Name, TK ........................ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CBHC<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: CBHC<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: CBHC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for.............Application for post xxxxx User Id is (ABCDEF) and password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cbhc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে CBHC<space>Help<space>User <space> User ID send to 16222
Example: CBHC Help User ABCDEF & Send to 16222

(ii) PIN Number জানা থাকলে CBHC< space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: CBHC Help PIN 12345678 & Send 16222

(ঝ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে Mail করবেন. vas.query@teletalk.com.bd

৬. প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষার নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য / জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং- i-vi পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটি ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

i. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।
ii. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
iii. সর্বশেষ সরকারি পরিপত্রের আলোকে কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
iv. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
v. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
vi. Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)

৭. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.communityclinic.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৮. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত গণ্য হবে।

৯. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগের শর্তসমূহ ও নিয়োগ পদ্ধতি শিথিলযোগ্য।

১১. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৪. যদি কোন প্রার্থী সংশ্লিষ্ট ইউনিয়নের নাগরিক না হয়েও মিথ্যা তথ্য দিয়ে আবেদন করেন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন ।

১৫. যে কোনরকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গন্য হবে।

১৬. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, অপারেশনাল প্ল্যানের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।

১৭. পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্য বিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৮. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. এ নিয়োগ সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক (শুধু অপারেশনাল প্ল্যান চলাকালীন সময়ের জন্য)। অপারেশনাল প্ল্যানের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

০৭/৪/২০২২

(ডাঃ মাসুদ রেজা কবীর)
লাইন ডাইরেক্টর
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি)
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা-১২১২ ।